

○ সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহঃ
(২০২০-২১, ২০২১-২২ এবং ২০২২-২০২৩ অর্থবছর)

বাংলাদেশ এলডিসি পর্যায়ে উত্তরণের প্রেক্ষাপটে এবং ক্রমবর্ধিষ্ণু জনসংখ্যার প্রাণীজ আমিষের (দুধ, ডিম ও মাংস) চাহিদা মেটাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ, সম্প্রসারণ ও জাত উন্নয়নক্ষেত্রে কুমিল্লা জেলায় অভাবনীয় অগ্রগতি সাধিত হয়েছে।

- সাম্প্রতিক অর্থবছরসমূহে গবাদিপশুর জাত উন্নয়নে যথাক্রমে ১১৪২৮, ১০৯১৮ ও ৯৮৬৬ টি প্রজননক্ষম গাভী/বকনাকে কৃত্রিম প্রজননের আওতায় আনা হয়েছে। উৎপাদিত সংকর জাতের বাছুরের সংখ্যা যথাক্রমে ৩৫০৮, ৪৪৩৬ ও ৪১৫৯ টি।
- বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ ও সম্প্রসারণে যথাক্রমে ৬০১৪৯, ৬৬৬৫৬ ও ৬০০১৬ টি গবাদিপশু-পাখিকে টিকাপ্রদান করা হয়েছে এবং যথাক্রমে ৪০২০০০, ৪৬২২০০ ও ৪০০০০০ টি গবাদিপশু-পাখিকে চিকিৎসা প্রদান করা হয়েছে।
- খামারির সক্ষমতা বৃদ্ধি, খামার ব্যবস্থাপনার উন্নয়ন ও খামার সম্প্রসারণে যথাক্রমে ৪১৫, ৫১০ ও ৩৬২ জন খামারিকে প্রশিক্ষণ প্রদানসহ যথাক্রমে ৫৭, ৬৪ ও ৬৪ টি উঠান বৈঠক পরিচালনা করা হয়েছে।
- নিরাপদ ও মানসম্মত প্রাণীজ আমিষ উৎপাদনে যথাক্রমে ১২৩, ১২২ ও ১২২ টি খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন, ২৫, ২৫ ও ২৫ জন মাংস প্রক্রিয়াজাতকারী (কসাই) প্রশিক্ষণ এবং ১, ১ ও ১ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।